



HAZI A.K.KHAN COLLEGE

ESTD : 2008

P.O + P.S.- Hariharpara . Dist.-Murshidabad Pin-742166

Website: www.haziakkhancollege.in E-mail Id : haziakkhancollege@yahoo.com

E-mail Id: haziakkhancollege@gmail.com

Memo No.:
From: Principal

Date: 30/09/2021

বিজ্ঞপ্তি

এতদ্বারা হাজী এ. কে. খান কলেজের ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, জেলা প্রশাসন ও উচ্চ শিক্ষা দপ্তরের উদ্যোগে কলেজ ক্যাম্পাসে Covid-19 টীকাকরণের কর্মসূচী গৃহীত হয়েছে এবং ৩০.০৯.২০২১ তারিখে টীকাকরণের প্রথম ক্যাম্প সম্পূর্ণ হয়েছে। দ্বিতীয়বার কলেজ ক্যাম্পাসে টীকাকরণের উদ্দেশ্যে যে ক্যাম্পের আয়োজন করা হবে তার জন্য কলেজের পক্ষ থেকে পুনরায় একটি গুগল ফর্ম প্রস্তুত করা হয়েছে, যেটা ০৩.১০.২০২১ তারিখের মধ্যে পূরণ করে জমা করতে হবে। ফর্মটির লিঙ্ক বিজ্ঞপ্তির শেষে দেওয়া আছে। ফর্মের মাধ্যমে আবেদন করার সময় নিম্নলিখিত বিষয়গুলির ব্যাপারে সচেতন হতে হবে-


- যে সমস্ত ছাত্রছাত্রীদের বয়স ১৮ বছরের উর্দে শুধুমাত্র তারাই এই ফর্মটি পূরণ করবে।
- যে সমস্ত ছাত্রছাত্রীরা প্রথমবারের ক্যাম্পের (৩০.০৯.২০২১) টীকাকরণের জন্য প্রদত্ত ফর্ম পূরণ করেনি / টীকা গ্রহণ করেনি / কলেজ ওয়েবসাইটে দেওয়া তালিকায় নাম প্রকাশিত হয়নি শুধুমাত্র তারাই ফর্মটি পূরণ করতে পারবে।
- যে সমস্ত ছাত্রছাত্রীরা সদ্য প্রথম ডোজ নিয়েছে / প্রথম ডোজ গ্রহণের পর নির্দিষ্ট সময় অতিক্রান্ত হয়নি অর্থাৎ যাদের দ্বিতীয় ডোজ নেবার সময় হয়নি তারা ফর্মটি পূরণ করতে পারবে না।

আবেদনপত্র পূরণের পদ্ধতি-

- ✓ বিজ্ঞপ্তির শেষে দেওয়া Link -এ click করে ফর্মটি পূরণ করতে হবে।
- ✓ একজন ছাত্র / ছাত্রী একবারই ফর্মটি পূরণ করতে পারবে।
- ✓ ফর্ম পূরণের সময় নিজের নাম সঠিকভাবে লিখতে হবে।
- ✓ প্রথম সেমিস্টারের ছাত্রছাত্রীরা ভর্তির স্লিপে থাকা Student ID Number এবং তৃতীয় ও পঞ্চম সেমিস্টারের ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর লিখবে।
- ✓ আধার কার্ড / ভোটার কার্ড- এ থাকা Date of Birth লিখতে হবে।
- ✓ Dose Required- এর ক্ষেত্রে কোন ডোজ ছাত্র/ছাত্রীর লাগবে সেটি লিখতে হবে। অর্থাৎ একজন ছাত্র/ছাত্রী যদি একটিও ডোজ না নেয় সে 1st Dose option choose করবে এবং একজন ছাত্র/ছাত্রী যদি প্রথম ডোজ নিয়ে থাকে সে 2nd Dose option choose করবে।

- ✓ শেষ দুটি প্রশ্ন অর্থাৎ Date of First Dose & Type of Vaccination-এর ক্ষেত্রে যেসব ছাত্র/ছাত্রী প্রথম ডোজ ইতিমধ্যে নিয়েছে তারাই option choose করবে। যাদের একটিও ডোজ হয়নি তারা এই দুটি প্রশ্নের উত্তর দেবেনা।
- ✓ সব শেষে Submit option এ click করে জমা করবে।
- ✓ যদি ফর্ম পূরণের সময় কোন ভুল হয়ে থাকে তাহলে edit response এ click করে তথ্যটি ঠিক করা যাবে। সেক্ষেত্রে সঠিক তথ্য দেবার পর পুনরায় Submit option click করতে হবে।

Covid-19 Vaccination Form for Student (2) <https://forms.gle/4MYoZ8tPkJnFV5L7A>


ড: গৌতম কুমার ঘোষ
অধ্যক্ষ
হাজী এ.কে.খান কলেজ
হরিহরপাড়া, মুর্শিদাবাদ
Principal
Hazi A.K Khan College
Hariharpara, Murshidabad